

## গতস্য শোচনা নাস্তি রাজন নন্দী

প্রায়ই; তা হোক না যত ব্যস্ত রুটিন  
রাত ঢের হলেই আমরা হৈ হৈ!  
গীটারের টুংটাং ঢেকে যেত কোরাসে আর টেবিল পেটালে।  
মাঝে মধ্যে দু'এক পেগ উৎসবে উৎসাহে।  
শিবলীটার মাতাল হবার ভয় ছিল খুব।  
তবুও সব ছুটি কাটাতে কুয়াকাটা কিংবা দূর আরও দূর।

আগে, ছুটিতে মামা বাড়ি বাঁধা ছিল  
বড় হলে জীবন দ্রুত ছুটিহীন হয়ে উঠে।  
ছুটিও ছুটি নিয়ে নেয়!  
মাঝে মধ্যে দু'একজন বেড়াতে এলে,  
নিবিরের প্রবাসী সুখ ফেরী করি।  
যেন জীবন কাটাতে একদিন সব বিদেশ; কে কোথায়?

এখন অফিস ছুটি হতে হতে দিন শেষ।  
চটপট বাড়ি ফিরি।  
রাত ঢের হলে  
আমরা ভালবেসে দ্রুত ঘুরে শুই।  
জাবর কাটি যৌবন এবং স্মৃতির - প্রায়ই।  
তা হোক না যত ব্যস্ত রুটিন!